



## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (নিরাপত্তা)/চবক এর দপ্তরাদেশ নামা নং-৭৭/২০২১  
তারিখ, চট্টগ্রামঃ ০৬ মার্চ, ২০২১ ইংরেজী।

বিষয়ঃ চট্টগ্রাম বন্দর ব্যবহারকারী সকল বেসরকারী প্রতিষ্ঠান ও অন্যান্য বন্দর ব্যবহারকারীগণের অনুকূলে চবক এর নিরাপত্তা বিভাগ হতে ইস্যুকৃত নিয়মিত ব্যবহারকারীর অস্থায়ী এন্ট্রি পাশের মেয়াদ বর্ধিত করণের ক্ষেত্রে পুলিশী প্রতিপাদন ফর্ম পূরণপূর্বক স্থায়ী পাশ শাখায় জমা প্রদানের ভিত্তিতে পাশ ইস্যু করণ প্রসংগে।

সূত্রঃ

ক। KPI (Key Point Installation) নীতিমালা-২০১৩ ( Clause- 4.4)।

১। চট্টগ্রাম বন্দর একটি প্রথম 'ক' শ্রেণীর KPI বিধায় KPI Instruction নীতিমালা-২০১৩ অনুসরণে অত্র বন্দরের নিরাপত্তা কার্যক্রম পরিচালিত হচ্ছে। ফলে বন্দরের সার্বিক নিরাপত্তা বিধানের লক্ষ্যে নিয়মিত বন্দর ব্যবহারকারীগণের পুলিশী প্রতিপাদন ফর্মের আবশ্যিকতা রয়েছে।

২। এমতাবস্থায়, চট্টগ্রাম বন্দর ব্যবহারকারী সকল বেসরকারী প্রতিষ্ঠান ও অন্যান্য বন্দর ব্যবহারকারীগণের অবগতির নিমিত্তে জানানো যাচ্ছে যে, চবক এর নিরাপত্তা বিভাগ হতে ইস্যুকৃত নিয়মিত ব্যবহারকারীর অস্থায়ী এন্ট্রি পাশের মেয়াদ বর্ধিত করণের ক্ষেত্রে স্থায়ী পুলিশী প্রতিপাদন ফর্ম পূরণ শেষে স্থায়ী পাশ শাখায় জমা প্রদানের ভিত্তিতে পাশ ইস্যুর পদক্ষেপ নেয়া হচ্ছে। তথ্যপ্রেক্ষিতে নিরাপত্তা বিভাগের লাইসেন্স শাখা হতে পুলিশী প্রতিপাদন ফর্ম সংগ্রহপূর্বক তা পূরণ করে আগামী ১৪/০৪/২০২১ ইং তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখায় জমা প্রদানের অনুরোধ করা হলো। উল্লেখ থাকে যে, অত্র ভবিষ্যতে পুলিশী প্রতিপাদন রিপোর্ট ব্যতিরেকে নিয়মিত ব্যবহারকারীর অনুকূলে অস্থায়ী এন্ট্রি পাশ ইস্যু করা হবে না। তবে উক্ত নির্দেশনা ভিজিটর/অনিয়মিত ব্যবহারকারী পাশের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

৩। এতদ্বিষয়ে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা একান্ত কাম্য।

পরিচালক (নিরাপত্তা)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

তারিখ- ০৬/০৩/২০২১ ইং

নং- ১৮.০৪.০০০০.১৩২.১৮.০৭.১৬/ ৪০৪

অনুলিপিঃ

- ১। চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২। সকল সদস্য, চবক এর সদয় অবগতির জন্য।
- ৩। সকল বিভাগীয় প্রধান/সকল উপ-বিভাগীয় প্রধান, চবক।

কার্যঃ

অভ্যন্তরীণঃ

- ১। সিস্টেম এনালিস্ট, চবক ( বহুল প্রচারের নিমিত্তে চবক এর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)
- ২। সকল নিরাপত্তা কর্মকর্তা, চবক।
- ৩। সকল নিরাপত্তা পরিদর্শক নিরাপত্তা বিভাগ/চবক।
- ৪। অপারেশন ইনচার্জ ও ইনচার্জ (পাশ শাখা), নিরাপত্তা বিভাগ/চবক- বহুল প্রচারের নিমিত্তে।

বহিঃস্থঃ

- ১। কমিশনার অব কাষ্টমস (আমদানী/রপ্তানী), কাষ্টম হাউস, চট্টগ্রাম।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৩। জেনারেল ম্যানেজার, পূর্ব জোন, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
- ৪। কন্ট্রোলার অব ফুড, রেয়াজ চেম্বার, কর্ণফুলী মার্কেট, চট্টগ্রাম।
- ৫। জেনারেল ম্যানেজার, পেট্রো বাংলা, সরাইপাড়া, পাহাড়তলী, চট্টগ্রাম।
- ৬। সহকারী কন্ট্রোলার অব ষ্টোর, বাংলাদেশ রেলওয়ে, সিজিটি, চট্টগ্রাম।
- ৭। সহকারী কন্ট্রোলার অব ফুডস (জেটি), চট্টগ্রাম।
- ৮। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ৯। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ১০। সভাপতি, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, চেম্বার হাউজ, আহাবাদ, চট্টগ্রাম।
- ১১। সভাপতি, বিজিএমইএ/বিটিএমসি ভবন (নিচ তলা), ৭/৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
- ১২। সভাপতি/সাঃ সম্পাদক, চিটাগাং কাষ্টমস ক্লিয়ারিং এন্ড ফরোয়ার্ডিং এজেন্টস্ এসোসি়েটেড লিমিটেড, সিএন্ডএফ টাওয়ার, আহাবাদ, চট্টগ্রাম।
- ১৩। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসি়েটেড লিমিটেড, চিটাগাং ষ্টক এক্সচেঞ্জ লিঃ বিল্ডিং ১০৮০শেখ মুজিব রোড, আহাবাদ, চট্টগ্রাম।
- ১৪। বাংলাদেশ ফ্রেইট ফরোয়ার্ডস্ এসোসি়েশন (বাফ্ফা), আনোয়ার ট্রেড সেন্টার (লেভেল-১০), ১৭২৮ আহাবাদ বা/এ, চট্টগ্রাম।
- ১৫। বাংলাদেশ ফ্রেইট ফরোয়ার্ডস্ এসোসি়েটেড লিমিটেড (বাফ্ফা, ঢাকা), আতাতুর্ক টাওয়ার (৯ম তলা), ২২ কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩।
- ১৬। সভাপতি, মেরিন সার্ভেয়ার, কমার্শিয়াল প্লট-১০, সিএনজির পার্শে, জি-ব্লক, হালিশহর হাউজিং এস্টেট, চট্টগ্রাম।
- ১৭। মেরিন কন্ট্রোলার/সাপ্লায়ার এসোসি়িয়েট, আইএমএস, মমতাজ টাওয়ার, ১০২২ স্ট্যান্ড রোড, চট্টগ্রাম।
- ১৮। সকল বার্থ অপারেটর, সাবের প্লাজা (২য় তলা), ১৬১, স্ট্যান্ড রোড, বারিক বিল্ডিং, চট্টগ্রাম।
- ১৯। টার্মিনাল অপারেটর, জি.এম (অপারেশন), সাইফ পাওয়ার টেক, টার্মিনাল ভবন, বন্দর, চট্টগ্রাম।
- ২০। সভাপতি, বিকতা, আকতারজ্জামান সেন্টার (৭ম তলা), ২১-২২ আহাবাদ বা/এ, চট্টগ্রাম।
- ২১। সভাপতি ও সাধারণ সম্পাদক, চট্টগ্রাম জেলা ট্রাক ও কাভার্ড ভ্যান কর্মচারী এসোসি়েশন, ৭৭৮ ডি.টি রোড, কদমতলী, চট্টগ্রাম।
- ২২। সভাপতি ও সাধারণ সম্পাদক, চট্টগ্রাম প্রাইম মুন্ডার মালিক এসোসি়েশন, নিউমুরিং, বন্দর, চট্টগ্রাম।
- ২৩। সভাপতি ও সাধারণ সম্পাদক, চট্টগ্রাম প্রাইম মুন্ডার ট্রেইলার মালিক শ্রমিক এক্স পরিষদ, বন্দর, চট্টগ্রাম।
- ২৪। সভাপতি ও সাধারণ সম্পাদক, চট্টগ্রাম বন্দর ট্রাক মালিক সমিতি, নিমতলা, বন্দর, চট্টগ্রাম।
- ২৫। সভাপতি ও সাঃ সম্পাদক, আন্তঃজেলা মালামাল পরিঃ সংস্থা, ৩৭৬, সৈয়দুর রহমান ম্যানঃ (৪র্থ তলা), ডিটি রোড, কদমতলী, চট্টগ্রাম।
- ২৬। সভাপতি ও সাধারণ সম্পাদক হালিশহর-পতেঙ্গা ট্রাক মালিক সমিতি, পতেঙ্গা, চট্টগ্রাম।
- ২৭। ম্যানেজার, সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, ব্রাক ব্যাংক, ওয়ান ব্যাংক এবং এনআরবি ব্যাংক, বন্দর শাখা, চট্টগ্রাম।

পরিচালক (নিরাপত্তা)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

৬